

# এই ঈদে

মাহমুদা রফ্নু

কালের বৈতরনী নিঃশব্দে  
বয়ে যায় মহাকালের গন্তব্যে ।  
উপকূলে ঝড়ের সংকেত,  
ডাঙ্গায় শূন্য খালায় অনাহার,  
শপিং মলে লক্ষ টাকার উপহার লেনা-দেনা,  
খাদ্যমূল্য ছুয়েছে আকাশ ।  
এসবের নিত্য খেলার মাঝে  
কালের বৈতরনী বেয়ে  
আসে ঈদ ।  
বিশ্বমুসলিম জগতের আনন্দ ।  
সিয়ামের উপহার ঈদ ।

হে প্রভু তুমিতো সর্বশক্তিমান ।  
এই ঈদে –  
অসম্ভবের সম্ভাবনা এনে দাও  
শূন্য খালায় ।  
দুর্যোগের অশনী সংকেত হোতে  
দাও রহমতের ঝরনাধারা ।  
অসম অর্থনিতির অনর্থ ভেংগে  
সুসম উপহার বন্টন হোক উচু-নীচু  
সব ঘর থেকে অট্টালিকায় ।  
মানুষের হাতকে করো শক্তির আধার ।  
মনকে করো করুনাসিদ্ধু ।

কালের বৈতরনীর মাঝি  
হে প্রভু ।  
আরো একটি নুহের প্লাবনে ধুয়ে দাও  
অকল্পনীয় অনাচারী, অনিয়ম উশুংখল ।  
তোমার রহমতের ঝরনাধারায়  
মানুষকে মানবিক করো ।  
এই ঈদে  
মহিমাঙ্কিত হোক মানুষের অন্তর  
সুন্দরের বসুন্ধরায় ।  
তুলে নাও ঝড়ের অশনী সংকেত ।  
শূন্য খালা পূর্ণ করো প্রজ্জ্বলিত  
আগামীর উপটোকনে ।  
পীড়িত দেশকে দাও  
স্বাধীনতার সত্যরূপের অপূর্ব পরিচয় ।

৩০ সেপ্টেম্বর ২০০৮